# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৬৭২ -এ, তারিখ ঃ ১৪/১২/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের 'এডিটর' পদটি জাতীয় বেতনস্কেল/২০১৫ এর গ্রেড-১৩ হতে গ্রেড-১০ এ উন্নীতকরণের জন্য রীট পিটিশন নং-৬৮৯৬/২০১০ মামলায় গত ২০/১১/২০১৬ খ্রি. তারিখের রায়ে উল্লেখ আছে যে,

**"....The respondents are directed to upgrade the status of the petitioners to Class-II gazetted post and grant them the commensurable pay scale with effect from the date of their entitlement. The respondents are further directed to pay all arrear and other financial benefits to the petitioners according to their entitlement...."**

০২। পরবর্তীতে রাষ্ট্রপক্ষ কর্তৃক উক্ত রিট পিটিশন নং- ৬৮৯৬/২০১০ মামলার রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং- ৪৮২/২০১৯ দায়ের করা হয়।

০৩। উল্লেখ্য যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ সিভিল আপীল নং-৪৮২/২০১৯-এর সাথে সিভিল রিভিউ পিটিশন নং-১৯০/২০১৯ সংযুক্ত (tagged) করে গত ১১/০৫/২০২৩ খ্রিঃ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ কর্তৃক উভয় মামলায় শুনানী অন্তে নিম্নরুপ রায় প্রদান করা হয়:

**"In the result, the civil appeal and the civil review petition are hereby dismissed."**

০৪। উক্ত রায়ের আলোকে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর আইন ও বিচার বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং-১০.০০.০০০০.১২৬.০৪.০১৩.২৩.৬৫ তারিখ ঃ ২৯ জুলাই ২০২৫ মূলে হাইকোর্ট বিভাগের এডিটর পদে কর্মরত উক্ত রিট পিটিশন মামলার শুধুমাত্র পিটিশনারদের জাঃ বেঃ স্কেল/২০১৫ অনুযায়ী বেতন গ্রেড-১৩ হতে গ্রেড-১০ এ উন্নীতকরনে সম্মতি প্রদান করেছে।

০৫। উল্লেখ্য যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষক কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন ৩২১৪/২০১৮ নং মামলায় রায় ও আদেশের আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষকের ১০ম গ্রেড বাস্তবায়নের ধারাবাহিকতায় বৈষম্য দূরিকরণার্থে দেশের সকল প্রধান শিক্ষক অর্থাৎ ৬৫,৫০২ টি পদকে ১০ম গ্রেডে উন্নীতকরণের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক সম্মতি জ্ঞাপন করতঃ বিগত ২৮/০৭/২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.০০০.১৫৩.২৮.০০০৫.১২.৪১২ নং স্মারকমূলে প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

০৬। এমতাবস্থায়, রীট পিটিশন নং-৬৮৯৬/২০১০ মামলায় গত ২০/১১/২০১৬ খ্রিঃ তারিখের রায় এবং ০৫ নং অনুচ্ছেদে বর্ণিত রীট পিটিশন নং-৩২১৪/২০১৮ মামলার রায় ও আদেশ এবং পূর্বোক্ত নজির এর আলোকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের **"এডিটর"** পদটিকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) টাকা হতে ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) টাকার স্কেল-এ উন্নীতকরণসহ উক্ত পদে কর্মরত এডিটরগণকে SUCCESSOR IN OFFICE হিসেবে রায়ের তারিখ অথবা রায় পরবর্তী যোগদানের

তারিখ (যা প্রযোজ্য) হতে জাতীয় বেতন স্কেল/২০১৫ -এর ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) অনুযায়ী প্রাপ্য বেতন ভাতাসহ অন্যান্য সকল বকেয়া সুবিধাদি প্রদান করা হলো।

০৭। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

আদেশক্রমে

স্বাঃ/-

**(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)**
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

স্মারক নং- ১১৭৬০(১২) এ, তারিখ ঃ ১৪/১২/২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. অতিরিক্ত রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১০. ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (বিষয়টি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ এর ১০০ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণ করার অনুরোধসহ)।
১২. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৩. সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১৪. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১৭. এডিটর, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১৮. হিসাব শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৯. অফিস কপি/গার্ড ফাইল।

১৪/১২/২৫
**(মোঃ মেসবাহ্ উদ্দিন খান)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারঃ)
ফোনঃ ২২৩৩৮১৮৬৫

E:\Akash\Post Upgrade\Editor\Part-2\Circular.Docx